ওঁ তৎসৎ

বেদান্তসারঃ

পরমহংসপরিব্রাজকাচার্য্যশ্রীসদানন্দকৃতঃ
বঙ্গভাষানুবাদসহিতঃ
শ্রীনৃসিংহসরস্বতীকৃতা সুবোধিনী নাম্নী
শ্রীরামতীর্থযতিবিরচিতা বিদ্বন্মনোরঞ্জিনী
নাম্নী টীকা চ

তথা

হস্তামলকগ্রন্থঃ

বঙ্গভাষানুবাদসম্বলিতঃ
শ্রীমদ্ভগবৎপূজ্যপাদবিরচিতা তট্টীকা চ

তত্ত্ববোধিনীযন্ত্রালয়ে
শ্রীআনন্দচন্দ্রবেদান্তবাগীশেঃ অনুবাদিতঃ
সংস্কৃতোমুদ্রিতশ্চ।

---

২৬ জ্যৈষ্ঠ ১৭৭১ শক।

মূল্য ২ টাকা।

কেবল সংস্কৃত মাত্র মুদ্রাঙ্কিত করণে অনেক বিষয়ির অসম্মতি অথচ এবিষয়ে পণ্ডিত, বিদ্যার্থী, বিষয়ী, সকলেরই উৎসাহ প্রয়োজন এপ্রযুক্ত বাঙ্গলা সাধু ভাষায় অনুবাদ সহিত এবং সুবোধিনী ও বিদ্বন্মনোরঞ্জিনী উভয় টীকা সম্বলিত বেদান্তসার গ্রন্থ দুই টাকা মূল্য স্থির করিয়া প্রথমতঃ মুদ্রিত করিতে প্রবৃত্ত হইলাম, পরে সাধারণের উৎসাহ ও সাহায্য প্রাপ্ত হইলে ক্রমশঃ পঞ্চদশী ও সূত্রভাষ্য প্রভৃতি বেদান্ত শাস্ত্র মুদ্রিত হইবেক। আপনারা অনুগ্রহ পূর্ব্বক গৃহীতব্য সংখ্যা ধাম এবং স্বস্ব নাম সাক্ষর করিয়া উৎসাহ প্রদান করিবেন ইতি।

১৭৭০ শকের ১ শ্রাবণ দিবসীয় এই উক্ত প্রস্তাবানুসারে বেদান্তসার গ্রন্থের মুদ্রাঙ্কিত করণ সমাপ্ত হইল, সম্প্রতি পঞ্চদশী ও সূত্র ভাষ্য প্রভৃতি গ্রন্থের মুদ্রিত করণ প্রস্তাবে তাহার মধ্যে পঞ্চদশী পুস্তক বঙ্গদেশীয় সাধুভাষা সহিত এবং টীকা সম্বলিত মুদ্রিত করিতে আরম্ভ করিবার উদ্যোগী হইলাম,

কিন্তু পুস্তক বৃহৎ, সুতরাং মুদ্রিত করণে বহু কাল বিলম্ব ও অধিক ব্যয়ের সম্ভাবনা, তাহাতে যদি সমুদায় মুদ্রিত করিয়া প্রকাশ করা স্থির করা যায় তবে মূল্যাধিক্য প্রযুক্ত অনেকে গ্রহণ করিতে অসমর্থ হইবেন, অতএব এই পরামর্শ স্থির করা গেল যে যে মাসে যে কয়েক ফারমা মুদ্রিত হইবেক সেই মাসেই তাহা সাক্ষর কারিদিগের নিকটে প্রেরণ করা যাইবেক। মূল্য প্রতি ফারমা /০ এক আনা স্থির হইল, কিন্তু যে মাসে যে কয়েক ফারমা প্রস্তুত করিয়া প্রেরণ করা যাইবেক তাহার পরমাসের প্রথম দিবসে প্রতি ফারমা /০ এক আনা হিসাবে তাহার মাসিক বিল প্রেরণ দ্বারা ঐ মূল্য ক্রমশঃ আদায় করা যাইবেক, তাহা হইলে অনায়াসে মুদ্রিত হইতে পারিবেক। অতএব সাধারণ মহাশয়দিগের প্রতি নিবেদন যে ইহার সাক্ষর পুস্তক প্রেরিত হইলে তাহাতে সাক্ষর করিয়া উৎসাহ প্রদান করিবেন ইতি।

২৬ জ্যৈষ্ঠ ১৭৭১। শ্রীআনন্দচন্দ্রবেদান্তবাগীশ।

ওঁ তৎসৎ

বেদান্তসারঃ

অখণ্ডং সচ্চিদানন্দমবাঙ্মনসগোচরং ।
আত্মানমখিলাধারমাশ্রয়েঽভীষ্টসিদ্ধয়ে ॥
অর্থতোঽপ্যদ্বয়ানন্দানতীতদ্বৈতভানতঃ ।
গুরূনারাধ্য বেদান্তসারং বক্ষ্যে যথামতি ॥

অপরিচ্ছিন্ন ও নিত্য, জ্ঞান, আনন্দস্বরূপ, বাক্য মনের অগোচর এবং জগতের আধার পরমাত্মাকে অভিলাষ সিদ্ধির নিমিত্তে আশ্রয় করি।

দ্বৈত জ্ঞানের অভাব হেতু অর্থতঃ অদ্বয়ানন্দস্বরূপ, শব্দতঃ অদ্বয়ানন্দ নামক গুরুকে আরাধনা করিয়া যথাসাধ্য বেদান্ত সার গ্রন্থ রচনা করি।

বেদান্তোনাম ? উপনিষৎপ্রমাণং, তদুপকারীণি শারীরকসূত্রাদীনি চ।

অস্য বেদান্তপ্রকরণত্বাৎ তদীয়ৈরেবানুবন্ধৈস্তদ্বত্তাসিদ্ধেঃ ন তে পৃথক্ আলোচনীয়াঃ।

তত্রানুবন্ধোনাম ? অধিকারিবিষয়সম্বন্ধপ্রয়োজনানি।

বেদান্ত ? স্বতঃ সিদ্ধ প্রমাণ রূপ উপনিষদের নাম বেদান্ত এবং তদুপকারী অর্থাৎ উপনিষদ্ মীমাংসা রূপ শারীরক সূত্র প্রভৃতি অধ্যাত্ম শাস্ত্র ও বেদান্ত শব্দের বাচ্য হয়।

এই গ্রন্থ বেদান্তের প্রকরণ অর্থাৎ এককার্য্যকারী, অতএব বেদান্তের অনুবন্ধ চতুষ্টয়েতেই এগ্রন্থের অনুবন্ধ সিদ্ধ, সুতরাং পৃথক্ রূপে ইহাতে অনুবন্ধ আলোচনার প্রয়োজন নাই।

সেই বেদান্তের অনুবন্ধ চতুষ্টয় ! অধিকারী, বিষয়, সম্বন্ধ, এবং প্রয়োজন।

অধিকারী তু! বিধিবদধীতবেদবেদাঙ্গত্বেন. আপাততোঽধিগতাখিলবেদার্থোঽস্মিন্ জন্মনি জন্মান্তরে বা কাম্যনিষিদ্ধবর্জ্জনপুরঃসরং নিত্যনৈমিত্তিকপ্রায়শ্চিত্তোপাসনানুষ্ঠানেন নির্গতনিখিলকল্মষতয়া নিতান্তনির্ম্মলস্বান্তঃ সাধনচতুষ্টয়সম্পন্নঃ প্রমাতা।

কাম্যানি! স্বর্গাদীষ্টসাধনানি জ্যোতিষ্টোমাদীনি।

অধিকারী! যথাবিধানক্রমে অর্থাৎ "অহরহঃ স্বাধ্যায়োঽধ্যেতব্যঃ" এই বিধি অনুসারে বেদ বেদাঙ্গ অধ্যয়ন দ্বারা সামান্যতঃ সকল বেদার্থজ্ঞ, ইহ জন্মে বা জন্মান্তরে কাম্য ও নিষিদ্ধ কর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক নিত্য, নৈমিত্তিক, প্রায়শ্চিত্ত, উপাসনা কর্ম্মের অনুষ্ঠান দ্বারা সকল পাপের অভাব হেতু অত্যন্ত নির্ম্মল অন্তঃকরণ এবং সাধনচতুষ্টয় সম্পন্ন জীব।

কাম্যকর্ম্ম! স্বর্গাদি সুখ প্রাপ্তির সাধন জ্যোতিষ্টোমাদি যজ্ঞ।

নিষিদ্ধানি ! নরকাদ্যনিষ্টসাধনানি ব্রহ্মহননাদীনি।

নিত্যানি ! অকরণে প্রত্যবায়সাধনানি সন্ধ্যাবন্দনাদীনি।

নৈমিত্তিকানি ! পুত্রজন্মাদ্যনুবন্ধীনি জাতেষ্ট্যাদীনি।

প্রায়শ্চিত্তানি ! পাপক্ষয়মাত্রসাধনানি চান্দ্রায়ণাদীনি।

উপাসনানি ! সগুণব্রহ্মবিষয়কমানসব্যাপাররূপাণি শাণ্ডিল্যবিদ্যাদীনি।

নিষিদ্ধ কর্ম্ম ! নরকাদি দুঃখ ভোগের কারণ ব্রাহ্মণ হত্যা প্রভৃতি।

নিত্য কর্ম্ম ! অকরণে পাপের হেতু সন্ধ্যা উপাসনাদি।

নৈমিত্তিক কর্ম্ম ! পুত্র জন্মাদি নিমিত্তক জাতেষ্টি প্রভৃতি যজ্ঞ।

প্রায়শ্চিত্ত কর্ম্ম ! পাপ ক্ষয় মাত্রের কারণ চান্দ্রায়ণাদি ব্রত।

উপাসনা কর্ম্ম ! সগুণ ব্রহ্ম বিষয়ক চিত্তের একাগ্রতা রূপ শাণ্ডিল্য প্রভৃতি বিদ্যা।

এতেষাং নিত্যাদীনাং বুদ্ধিশুদ্ধিঃ পরং প্রয়োজনং, উপাসনানান্তু চিত্তৈকাগ্র্যং। "তমেতমাত্মানং বেদানুবচনেন ব্রাহ্মণাবিবিদিষন্তি যজ্ঞেনেত্যাদি শ্রুতেঃ, তপসা কল্মষং হন্তি ইত্যাদিস্মৃতেশ্চ"।

নিত্যনৈমিত্তিকয়োরুপাসনানাঞ্চ অবান্তরফলং পিতৃলোকসত্যলোকপ্রাপ্তিঃ। "কর্ম্মণা পিতৃলোকোবিদ্যয়াদেবলোকইত্যাদিশ্রুতেঃ"।

এই সকলের মধ্যে নিত্য, নৈমিত্তিক, প্রায়শ্চিত্ত, ইহারদিগের চিত্ত শুদ্ধি মাত্র প্রধান প্রয়োজন, এবং উপাসনার মুখ্য প্রয়োজন চিত্তের একাগ্রতা। এতদ্বিষয়ে শ্রুতি প্রমাণ যথা " বেদাধ্যয়ন, যজ্ঞ, দান, তপস্যা এবং অনশনাদি ব্রত দ্বারা ব্রাহ্মণেরা এই আত্মাকে জানিতে ইচ্ছা করেন" স্মৃতি প্রমাণ যথা " তপস্যা দ্বারা পাপ নষ্ট হয় "।

নিত্য, নৈমিত্তিক এবং উপাসনা কর্ম্মের আনুসঙ্গিক ফল পিতৃলোক সত্য লোকাদি প্রাপ্তি। এতদ্বিষয়ে শ্রুতি প্রমাণ যথা " কর্ম্ম দ্বারা পিতৃ লোক এবং উপাসনায় দেব লোক প্রাপ্তি হয়"।

সাধনানি ? নিত্যানিত্যবস্তুবিবেকেহামুত্র ফলভোগবিরাগশমদমাদিসম্পত্তিমুমুক্ষুত্বানি ।

নিত্যানিত্যবস্তুবিবেকস্তাবৎ ? ব্রহ্মৈব নিত্যং বস্তু ততোঽন্যদখিলমনিত্যমিতি বিবেচনং ।

ঐহিকানাং স্রক্চন্দনাদিবিষয়ভোগানাং কর্ম্মজন্যতয়া অনিত্যত্ববৎ আমুষ্মিকানামপ্যমৃতাদিবিষয়ভোগানামনিত্যতয়া তেভ্যোনিতরাং বিরতিঃ, ইহামুত্র ফলভোগবিরাগঃ ? ।

সাধন চতুষ্টয় ? নিত্যানিত্য বস্তুবিবেক, ইহামুত্র ফল ভোগ বিরাগ, শমদমাদি সাধন সম্পত্তি, এবং মুমুক্ষুত্ব ।

নিত্যানিত্য বস্তুবিবেক ? ব্রহ্মই নিত্য বস্তু তদ্ভিন্ন সকল বস্তু অনিত্য এই প্রকার বিবেচনা ।

ইহামুত্র ফল ভোগ বিরাগ ? যেমন কর্ম্ম জন্য প্রযুক্ত ঐহিক মাল্য চন্দনাদি বিষয় ভোগ সকল অনিত্য, তদ্রূপ পারত্রিক স্বর্গাদি বিষয় ভোগ সকলও কর্ম্ম জন্য হেতু অচির স্থায়ী অতএব তাহা হইতে সুতরাং নিবৃত্তি ।

শমদমাদয়স্তু? শমদমোপরতিতিতিক্ষা-সমাধানশ্রদ্ধাঃ।

শমস্তাবৎ? শ্রবণাদিব্যতিরিক্তবিষয়েভ্যোমনসোনিগ্রহঃ।

দমঃ? বাহ্যেন্দ্রিয়াণাং তদ্ব্যতিরিক্তবিষয়েভ্যোনিবর্ত্তনং।

নিবর্ত্তিতানাং এতেষাং তদ্ব্যতিরিক্তবিষয়েভ্যউপরমণং, উপরতিঃ?। অথ বা বিহিতানাং কর্ম্মণাং বিধিনা পরিত্যাগঃ।

তিতিক্ষা? শীতোষ্ণাদিদ্বন্দ্বসহিষ্ণুতা।

শমদমাদিসাধন? শম, দম, উপরতি, তিতিক্ষা, সমাধান, এবং শ্রদ্ধা।

শম? ঈশ্বর বিষয়ক শ্রবণ, মনন, এবং নিদিধ্যাসন ব্যতিরিক্তবিষয়হইতে অন্তরিন্দ্রিয়ের নিগ্রহ।

দম? শ্রবণাদি ভিন্ন বিষয়হইতে বাহ্যেন্দ্রিয়ের নিবৃত্তি।

উপরতি? তদতিরিক্ত বিষয়হইতে নিবর্ত্তিত বাহ্যেন্দ্রিয়ের দমন, অথবা বিধিপূর্ব্বক বিহিত কর্ম্মের পরিত্যাগ।

তিতিক্ষা? শীতোষ্ণাদি সহন।

নিগৃহীতস্য মনসঃ শ্রবণাদৌ তদনুগুণ-বিষয়ে চ সমাধিঃ, সমাধানং? ।

গুরুবেদান্তবাক্যেষু বিশ্বাসঃ, শ্রদ্ধা? ।

মুমুক্ষুত্বং? মোক্ষেচ্ছা।

এবম্ভূতঃ প্রমাতা অধিকারী। "শান্তো-দান্ত ইত্যাদি শ্রুতেঃ। উক্তঞ্চ,প্রশান্তচিত্তায জিতেন্দ্রিযায প্রক্ষীণদোষায যথোক্তকারিণে। গুণান্বিতাযানুগতায সর্ব্বদা প্রদেয-মেতৎ সকলং মুমুক্ষবে ইতি"।

সমাধান? ঈশ্বর বিষয়ক শ্রবণাদিতে বা তৎসদৃশ কোন বিষয়েতে নিগৃহীত মনের একাগ্রতা।

শ্রদ্ধা? গুরু বাক্যে ও বেদান্ত বচনে বিশ্বাস।

মুমুক্ষুত্ব? মোক্ষের ইচ্ছা।

এই প্রকার জীব বেদান্তশাস্ত্রে অধিকারী হয়েন। এতদ্বিষয়ে শ্রুতি স্মৃতি প্রমাণ যথা "শান্তচিত্ত, ইন্দ্রিয় দমন কারী,দোষ রহিত, আজ্ঞাবহ, গুণবান্, সর্ব্বদা অনুগত এবং মুমুক্ষু শিষ্যকে এই সকল উপদেশ করিবেক"।

বিষয়ঃ? জীবব্রহ্মৈক্যং শুদ্ধচৈতন্যং প্রমেয়ং, তত্রৈব বেদান্তানাং তাৎপর্য্যাৎ।

সম্বন্ধস্তু? তদৈক্যপ্রমেয়স্য তৎপ্রতিপাদকোপনিষৎ প্রমাণস্য চ বোধ্যবোধকভাবলক্ষণঃ।

প্রযোজনস্তু? তদৈক্যপ্রমেয়গতাজ্ঞাননিবৃত্তিঃ, তৎস্বরূপানন্দাবাপ্তিশ্চ। "তরতি শোকমাত্মবিৎ ইত্যাদিশ্রুতেঃ, ব্রহ্ম বেদ ব্রহ্মৈব ভবতি ইত্যাদিশ্রুতেশ্চ"।

বিষয়? জীব চৈতন্য ও ব্রহ্মচৈতন্যের ঐক্য রূপ শুদ্ধ চৈতন্য প্রমেয়, যাহাতে সকল বেদান্তের তাৎপর্য্য।

সম্বন্ধ? জীব ও ব্রহ্মের ঐক্য রূপ প্রমেয়ের সহিত তৎপ্রতিপাদক উপনিষৎ প্রমাণের বোধ্য বোধক ভাব।

প্রয়োজন? ঐক্য প্রমেয় বিষয়ক অজ্ঞান নিবৃত্তি, এবং তৎফল স্বরূপ আনন্দ প্রাপ্তি। এতদ্বিষয়ে শ্রুতি প্রমাণ যথা "আত্মজ্ঞানী শোক হইতে উত্তীর্ণ হয়, যিনি ব্রহ্মকে জানেন তিনি ব্রহ্মই হয়েন"।

অয়মধিকারী জননমরণাদিসংসারানল-সন্তপ্তো দীপ্তশিরা জলরাশিমিবোপহাররপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠং গুরুমুপসৃত্য তমনুসরতি। "তদ্বিজ্ঞানার্থং সগুরুমেবাভিগচ্ছেৎ সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠমিত্যাদিশ্রুতেঃ"।

সগুরুঃ পরমকৃপযা অধ্যারোপাপবাদন্যায়েনৈনমুপদিশতি।

জন্ম মরণ রূপ সংসারানলে সন্তপ্ত এই পূর্ব্বোক্ত অধিকারী সমিৎ আদি উপঢৌকন হস্তে করিয়া জ্বলিত মস্তক পুরুষের জলাশয় গমনের ন্যায় বেদাধ্যায়ী ব্রহ্মনিষ্ঠ গুরুর নিকটে গমন পূর্ব্বক তাঁহার সেবা করিলেন। এতদ্বিষয়ে শ্রুতি প্রমাণ যথা "শিষ্য সমিৎ গ্রহণ পূর্ব্বক ব্রহ্ম জ্ঞানের নিমিত্তে বেদাধ্যায়ী ব্রহ্মনিষ্ঠ গুরুর নিকটে গমন করিবেক"।

উক্ত গুরু পরমকৃপা পুরঃসর অধ্যারোপ ও অপবাদ ন্যায় দ্বারা সেই শিষ্যকে উপদেশ করিতেছেন।" ।

"তস্মৈ সবিদ্বানুপসন্নায সম্যক্ প্রশান্ত-চিত্তায শমান্বিতায যেনাক্ষরং পুরুষং বেদ সত্যং প্রোবাচ তং তত্ত্বতোব্রহ্মবিদ্যাং ইত্যাদি শ্রুতেঃ"।

অসর্পভূতে রজ্জৌ সর্পারোপবৎ বস্তুন্যবস্ত্বারোপঃ, অধ্যারোপঃ ! ।

বস্তু ! সচ্চিদানন্দমদ্বযং ব্রহ্ম ।

অজ্ঞানাদিসকলজড়সমূহঃ, অবস্তু ! ।

এতদ্বিষয়ে শ্রুতি প্রমাণ যথা "সেই বিদ্বান্ গুরু যে বিদ্যার দ্বারা নিত্য, সত্য, পূর্ণ ব্রহ্মকে জানা যায় স্বরূপতঃ সেই ব্রহ্ম-বিদ্যা উক্ত প্রকার শিষ্যকে উপদেশকরিবেন"।

অধ্যারোপনাময় ! রজ্জু কথনই সর্প নহে কিন্তু যেমন তাহাতে সর্প ভ্রম হয়, তদ্রূপ বস্তুতে অবস্তুর ভ্রম রূপ যে অজ্ঞান তাহার নাম অধ্যারোপ ।

বস্তু ! নিত্য, জ্ঞান, আনন্দস্বরূপ, অদ্বিতীয় ব্রহ্ম ।

অবস্তু ! অজ্ঞানাদি সকল জড় পদার্থ ।

অজ্ঞানন্তু ? সদসদ্ভ্যামনির্ব্বচনীয়ং ত্রিগুণাত্মকং জ্ঞানবিরোধি ভাবরূপং যৎকিঞ্চিদিতিবদন্তি। "অহমজ্ঞ ইত্যাদ্যনুভবাৎ, দেবাত্মশক্তিং স্বগুণৈর্নিগূঢ়ামিত্যাদিশ্রুতেশ্চ"।

ইদমজ্ঞানং সমষ্টিব্যষ্ট্যভিপ্রায়েণৈকমনেকমিতি চ ব্যবহ্রিয়তে।

তথাহি যথা বৃক্ষাণাং সমষ্ট্যভিপ্রায়েণ বনমিত্যেকত্বব্যপদেশঃ।

অজ্ঞান ! সৎ বা অসৎ হইতে ভিন্ন, সত্ত্ব রজস্তম এই ত্রিগুণময়, জ্ঞানের বিরোধী ভাব রূপ কোন পদার্থ। এতদ্বিষয়ে অনুভব প্রমাণ যথা "আমি অজ্ঞ আমাকে আমি জানি না ইতি"। শ্রুতি প্রমাণ যথা "দীপ্তিমান্ আত্মার শক্তি প্রকৃতি, সত্ত্বাদি স্বীয় গুণ দ্বারা বেষ্টিতা"।

এই উক্ত অজ্ঞানকে সমষ্টি অভিপ্রায়ে এক এবং ব্যষ্টি অভিপ্রায়ে অনেক, এই রূপ ব্যবহার করা যায়।

যেমন বৃক্ষ সকলের সমষ্টি অভিপ্রায়ে বন এক বলা যায়।

যথা বা জলানাংসমষ্ট্যভিপ্রায়েণ জলাশয় ইতি, তথা নানাত্বেন প্রতিভাসমানজীবগতাজ্ঞানানাং সমষ্ট্যভিপ্রায়েণ তদেকত্বব্যপদেশঃ। "অজামেকামিত্যাদিশ্রুতেঃ"।

ইয়ং সমষ্টিরুৎকৃষ্টোপাধিতয়া বিশুদ্ধসত্ত্বপ্রধানা, এতদুপহিতং চৈতন্যং সর্ব্বজ্ঞত্বসর্ব্বেশ্বরত্বসর্ব্বনিয়ন্তৃত্বাদিগুণকং সদসদব্যক্তমন্তর্যামি জগৎকারণমীশ্বরইতি চ ব্যপদিশ্যতে।

অথবা যেমন জল সকলের সমষ্টি অভিপ্রায়ে জলাশয় এক কহা যায়, তদ্রূপ নানা প্রকারে বিরাজিত জীব সকলের অজ্ঞানকে সমষ্টি অভিপ্রায়ে এক বলা যায়। এতদ্বিষয়ে শ্রুতি প্রমাণ যথা "জন্ম রহিত, সত্ত্ব, রজঃ, তমগুণময়, একই অজ্ঞান"।

এই অজ্ঞানসমষ্টি উৎকৃষ্ট উপাধি অতএব বিশুদ্ধ সত্ত্ব প্রধান। এই অজ্ঞান সমষ্টিতে উপহিত চৈতন্যকে সর্ব্বজ্ঞ, সর্ব্বেশ্বর, সর্ব্বনিয়ন্তা ইত্যাদি গুণবিশিষ্ট, অব্যক্ত, অন্তর্যামী, জগৎকারণ, এবং ঈশ্বর এই সকল শব্দের দ্বারাই নির্দ্দেশ করা যায়।

সকলাজ্ঞানাবভাসকত্বাদস্য সর্ব্বজ্ঞত্বং ।
" যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিদিতি শ্রুতেঃ " ।

অস্যেয়ং সমষ্টিরখিলকারণত্বাৎ কারণশরীরং, আনন্দপ্রচুরত্বাৎ কোশবদাচ্ছাদকত্বাচ্চানন্দময়কোশঃ, সর্ব্বোপরমত্বাৎস্বষুপ্তিঃ, অতএব স্থূলসূক্ষ্মপ্রপঞ্চলয়স্থানমিতিচোচ্যতে ।

যথা বনস্য ব্যষ্ট্যভিপ্রায়েণ বৃক্ষাইত্যনেকত্বব্যপদেশঃ ।

সকল অজ্ঞানের প্রকাশক হেতু তিনি সর্ব্বজ্ঞ । এতদ্বিষয়ে শ্রুতি প্রমাণ যথা " যিনি সামান্যত এবং বিশেষতঃ সকল জানেন " ।

ঈশ্বরের উপাধিরূপ এই অজ্ঞান সমষ্টি অখিল প্রপঞ্চের কারণ হেতু কারণ শরীর, আনন্দ প্রচুর হেতু ও কোশের ন্যায় আচ্ছাদক প্রযুক্ত আনন্দময় কোশ, এবং সকল ইন্দ্রিয়াদির উপরম স্থান হেতু স্বষুপ্তি, অতএব স্থূল ও সূক্ষ্ম প্রপঞ্চের লয় স্থান কহা যায় ।

যেমন বনের ব্যষ্টি অভিপ্রায়ে নানাপ্রকার অনেক বৃক্ষ বলা যায় ।

যথা বা জলাশয়স্য ব্যষ্ট্যভিপ্রায়েণ জলানীতি, তথাঽজ্ঞানস্য ব্যষ্ট্যভিপ্রায়েণ তদনেকত্বব্যপদেশঃ। "ইন্দ্রোমায়াভিঃ পুরুরূপঈয়তে ইত্যাদি শ্রুতেঃ"।

অত্র সমস্তব্যস্তব্যাপিত্বেন সমষ্টিব্যষ্টিব্যপদেশঃ।

ইয়ং ব্যষ্টির্নিকৃষ্টোপাধিতয়া মলিনসত্ত্বপ্রধানা।

অথবা যেমন জলাশয়ের ব্যষ্টি অভিপ্রায়ে অনেক জল কহা যায়, তদ্রূপ নানা প্রকারে বিরাজমান জীব সকলের অজ্ঞানকে ব্যষ্টি অভিপ্রায়ে নানা বলা যায়। এতদ্বিষয়ে শ্রুতি প্রমাণ যথা "ইন্দ্র নানা প্রকার মায়ার দ্বারা নানা রূপ ধারণ করিতেছেন"।

এস্থলে প্রত্যেক জীব ব্যাপী প্রযুক্ত ও সমস্ত জীব ব্যাপী প্রযুক্ত মায়ার ব্যষ্টি এবং সমষ্টি ব্যবহার হইতেছে।

এই অজ্ঞানের ব্যষ্টি অপকৃষ্ট উপাধি অতএব তমোমিশ্রিত সত্ত্ব প্রধান।

এতদুপহিতচৈতন্যমল্পজ্ঞত্বানীশ্বরত্বাদি-গুণকং প্রাজ্ঞইত্যুচ্যতে।

একাজ্ঞানাবভাসকত্বাদস্য প্রাজ্ঞত্বং, অস্পষ্টোপাধিতয়াহনতিপ্রকাশকত্বং।

অস্যাপীয়মহঙ্কারাদিকারণত্বাৎ কারণশরীরং, আনন্দপ্রচুরত্বাৎ কোশবদাচ্ছাদকত্বাচ্চ আনন্দময়কোশঃ, সর্ব্বোপরমত্বাৎ সুষুপ্তিঃ, অতএব স্থূলসূক্ষ্মশরীরলয়স্থানমিতি চোচ্যতে।

এই ব্যষ্টি অজ্ঞান দ্বারা উপহিত চৈতন্যকে অল্পজ্ঞত্ব অনীশ্বরত্বাদি গুণবিশিষ্ট প্রাজ্ঞ কহা যায়।

যেহেতু তিনি পৃথক্ পৃথক্ ব্যষ্টি অজ্ঞানের অবভাসক অতএব প্রাজ্ঞ এবং মলিন সত্ত্ব প্রধান অস্পষ্ট উপাধির দ্বারা উপহিত প্রযুক্ত অনতি প্রকাশক।

এই ব্যষ্টি অজ্ঞানকে অহঙ্কারাদির কারণ প্রযুক্ত কারণ শরীর, আনন্দ প্রচুর হেতু ও কোশের ন্যায় আচ্ছাদক প্রযুক্ত আনন্দময় কোশ, ইন্দ্রিয়াদি সকলের উপরম স্থান হেতু সুষুপ্তি, অতএব স্থূল ও সূক্ষ্ম প্রপঞ্চের লয়স্থান বলাযায়।

তদানীমেতাবীশ্বরপ্রাজ্ঞৌ চৈতন্যপ্রদীপ্তাভিরতিসূক্ষ্মাভিরজ্ঞানবৃত্তিভিরানন্দমনুভবতঃ। “আনন্দভুক্ চেতোমুখঃ প্রাজ্ঞইতি শ্রুতেঃ, সুখমহমস্বাপ্সং ন কিঞ্চিদবেদিষমিত্যুত্থিতস্য পরামর্শোপপত্তেশ্চ”।

অনয়োর্ব্যষ্টিসমষ্ট্যোর্বনবৃক্ষয়োরিব জলাশয়জলয়োরিব চাভেদঃ।

সেই সুষুপ্তিকালে এই ঈশ্বর ও প্রাজ্ঞ উভয়ে চৈতন্য-প্রকাশিত অতি সূক্ষ্ম অজ্ঞান বৃত্তি দ্বারা আনন্দ অনুভব করেন। এতদ্বিষয়ে শ্রুতি প্রমাণ যথা “চৈতন্যের প্রকাশ দ্বারা আনন্দের ভোক্তা প্রাজ্ঞ ইতি” পরামর্শ প্রমাণ যথা “আমি সুখে শয়ন করিয়া ছিলাম তৎকালে কিছুই জানি নাই, সুষুপ্তি হইতে উত্থিতব্যক্তির এইপ্রকার পরামর্শহয়”।

যেমন বৃক্ষের সমষ্টি বনের সহিত বনের ব্যষ্টি বৃক্ষের অভেদ এবং জলের সমষ্টি জলাশয়ের সহিত জলাশয়ের ব্যষ্টি জল অভিন্ন হয়, তদ্রূপ এই অজ্ঞান সমষ্টির সহিত অজ্ঞান ব্যষ্টি ভিন্ন নহে।

এতদুপহিতয়োরীশ্বরপ্রাজ্ঞয়োরপি বনবৃক্ষাবচ্ছিন্নাকাশয়োরিব জলাশয়জলগতপ্রতিবিম্বাকাশয়োরিব চাভেদঃ। “এষ সর্ব্বেশ্বরএষসর্ব্বজ্ঞএষোন্তর্যাম্যেষযোনিঃ সর্ব্বস্য প্রভবাপ্যয়ৌ হি ভূতানাং ইত্যাদি শ্রুতেঃ”।

এই অজ্ঞান সমষ্টি রূপ উপাধিবিশিষ্ট চৈতন্য যে ঈশ্বর তাঁহার সহিত ব্যষ্টি অজ্ঞান দ্বারা উপহিত চৈতন্য প্রাজ্ঞ ভিন্ন নহে, যেমন বৃক্ষ সমষ্টি রূপ বনেতে স্থিত আকাশের সহিত বন ব্যষ্টি বৃক্ষেতে স্থিত আকাশের অভেদ এবং জলসমষ্টিরূপ জলাশয়েতে প্রতিবিম্বিত আকাশের সহিত জলাশয়ের ব্যষ্টি জলেতে প্রতিবিম্বিত আকাশের ভেদ নাই। এতদ্বিষয়ে শ্রুতি প্রমাণ যথা “তিনি সকলের ঈশ্বর, তিনি সর্ব্বজ্ঞ, তিনি অন্তর্যামী, তিনিই সকলের কারণ, এবং তিনিই সকল ভূতের উৎপত্তি ও প্রলয়ের হেতু”।

বনবৃক্ষতদবচ্ছিন্নাকাশয়োর্জ্জলজলাশয়তদ্গতপ্রতিবিম্বাকাশয়োর্ব্বা আধারভূতানুপহিতাকাশবদনয়োরজ্ঞানতদুপাহিতচৈতন্যয়োরাধারভূতং যদনুপহিতং চৈতন্যং তত্তুরীয়মিত্যুচ্যতে। "শান্তং শিবমদ্বৈতং চতুর্থং মন্যন্তে ইত্যাদি শ্রুতেঃ"।

বন বা তত্রস্থ আকাশ এবং বৃক্ষ বা তত্রস্থিত আকাশ এবং জলাশয় বা তদ্গত প্রতিবিম্বস্থ আকাশ এবং জল বা তদ্গত প্রতিবিম্বস্থিত আকাশাদির আশ্রয় রূপ অনুপহিত মহাকাশের ন্যায় এই সমষ্টিব্যষ্টি অজ্ঞান ও তদুপহিত চৈতন্যদিগের আধার ভূত যে অনুপহিত চৈতন্য তাঁহাকে তুরীয়, ব্রহ্ম চৈতন্য, বলা যায়। এতদ্বিষয়ে শ্রুতি প্রমাণ যথা "মঙ্গলস্বরূপ, অদ্বিতীয় চৈতন্যকে চতুর্থ করিয়া মানি তিনি আত্মা, তিনিই বিজ্ঞেয়"।

ইদমেব তুরীয়ং শুদ্ধচৈতন্যং অজ্ঞানাদি তদুপহিতচৈতন্যাভ্যাং তপ্তায়ঃপিণ্ডবদবিবিক্তং সন্মহাবাক্যস্যবাচ্যং বিবিক্তং সত্তল্লক্ষ্যমিত্যুচ্যতে।

অস্যাজ্ঞানস্যাবরণবিক্ষেপনামকং শক্তিদ্বয়মস্তি।

যেমন দগ্ধ লৌহপিণ্ডের সহিত অভিন্ন রূপ অগ্নি "অয়োদহতি" এই বাক্যের বাচ্য এবং লৌহপিণ্ড হইতে ভিন্ন রূপে তাহার লক্ষ্য বলা যায়, তদ্রূপ এই সমষ্টি ব্যষ্টি অজ্ঞান ও তদুপহিত চৈতন্যের সহিত অভিন্ন রূপ এই তুরীয় চৈতন্য "তত্ত্বমসি" ইত্যাদি মহাবাক্যের বাচ্য এবং ভিন্ন রূপে মহাবাক্যের লক্ষ্য হয়েন।

এই পূর্ব্বোক্ত অজ্ঞানের আবরণ ও বিক্ষেপ নামক দুই শক্তি আছে।

আবরণশক্তিস্তাবৎ! অল্পোঽপিমেঘোঽনেকয়োজনায়তমাদিত্যমণ্ডলমবলোকয়িতৃনয়নপথপিধায়কতয়া যথাচ্ছাদয়তীব তথাঽজ্ঞানং পরিচ্ছিন্নমপ্যাত্মানমপরিচ্ছিন্নমসংসারিণমবলোকয়িতৃবুদ্ধিপিধায়কতযাচ্ছাদয়তীব তাদৃশং সামর্থ্যং। তদুক্তং “ঘনচ্ছন্নদৃষ্টির্ঘনচ্ছন্নমর্কং যথা নিষ্প্রভম্মন্যতে চাতিমূঢ়ঃ। তথাবদ্ধবদ্ভাতি যোমূঢ়দৃষ্টেঃ সনিত্যোপলব্ধিস্বরূপোঽহমাত্মা”।

আবরণ শক্তি? যেমন মনুষ্যের নয়নাবরণ কারী, অল্পস্থানব্যাপী মেঘমণ্ডলকে, অধিকতর বিস্তীর্ণ সূর্য্যমণ্ডলের আচ্ছাদকও বলা যায়, তদ্রূপ অবিবেকি মনুষ্যের পরিচ্ছিন্ন জ্ঞানাচ্ছাদক হইলেও সর্ব্বব্যাপী পরব্রহ্মের আচ্ছাদক রূপে বিখ্যাত অজ্ঞান শক্তিকে আবরণ শক্তি বলা যায়। এতদ্বিষয়ে প্রমাণ যথা “যেমন অবিবেকী ব্যক্তি স্বয়ং মেঘাবৃত নয়ন হইয়া কহিয়া থাকে যে সূর্য্য মেঘাচ্ছন্ন হইয়া প্রকাশ শূন্য হইয়াছে, তদ্রূপ মূঢ় ব্যক্তির দৃষ্টিতে যিনি বদ্ধ রূপে প্রকাশ পায়েন সেই নিত্য জ্ঞান স্বরূপ আত্মা আমি”।

অনয়াবৃতস্যাত্মনঃ কর্ত্তৃত্বভোক্তৃত্বসুখিত্ব-দুঃখিত্বাদিসংসারসম্ভাবনাপি ভবতি, যথা স্বাজ্ঞানেনাবৃতায়াং রজ্জ্বাং সর্পত্বসম্ভাবনা।

বিক্ষেপশক্তিস্তু ! যথা রজ্জ্বজ্ঞানং স্বাবৃতরজ্জৌ স্বশক্ত্যা সর্পাদিকমুদ্ভাবয়তি, এবমজ্ঞানমপি স্বাবৃতাত্মনি স্বশক্ত্যা আকাশাদিপ্রপঞ্চমুদ্ভাবয়তি তাদৃশং সামর্থ্যং।

যেমন ভ্রম বশতঃ রজ্জুতে রজ্জু জ্ঞান না হইয়া সর্প জ্ঞানের সম্ভব হয় তদ্রূপ এই আবরণ শক্তির দ্বারা আবৃত আত্মার স্বরূপ জ্ঞান না হইয়া কর্ত্তৃত্ব, ভোক্তৃত্ব এবং সুখ দুঃখ মোহাত্মক প্রপঞ্চে সংসারিত্ব সম্ভাবনা হইতেছে।

বিক্ষেপ শক্তি? যেমন রজ্জু বিষয়ক অজ্ঞান স্বীয়শক্তির দ্বারা রজ্জুতে সর্পের রূপ দেখায়, তদ্রূপ অজ্ঞানও আবৃত আত্মাতে যে শক্তির দ্বারা আকাশাদি প্রপঞ্চভ্রম উদ্ভব করে, তাদৃশ সামর্থ্য।

তদুক্তং " বিক্ষেপশক্তির্লিঙ্গাদিব্রহ্মাণ্ডান্তং জগৎ সৃজেদিতি " ।

শক্তিদ্বয়বদজ্ঞানোপহিতং চৈতন্যং স্বপ্রধানতয়া নিমিত্তং, স্বোপাধিপ্রধানতয়া উপাদানঞ্চ ভবতি, যথা লূতা তন্তুকার্য্যং প্রতি স্বপ্রধানতয়া নিমিত্তং, স্বশরীরপ্রধানতযোপাদানঞ্চ ভবতি ।

এতদ্বিষয়ে প্রমাণ যথা " অজ্ঞানের বিক্ষেপ শক্তি ব্রহ্মাদি স্তম্ব পর্য্যন্ত জগৎ উৎপন্ন করে । "

উক্ত শক্তিদ্বয় বিশিষ্ট অজ্ঞান দ্বারা আবৃত চৈতন্য স্বয়ং প্রধান রূপে প্রপঞ্চের নিমিত্ত কারণ এবং উপাধি রূপ অজ্ঞান প্রধান রূপে উপাদান কারণ হয়েন, যেমন ঊর্ণনাভ জন্তু স্বয়ং প্রধান রূপে স্বকার্য্য তন্তুতে নিমিত্ত কারণ, এবং শরীর প্রধান রূপে উপাদান কারণ হয় ।

তমঃপ্রধানবিক্ষেপশক্তিমদজ্ঞানোপহিতচৈতন্যাদাকাশঃ আকাশাদ্বায়ুর্ব্বায়োরগ্নিরগ্নেরাপঃ অদ্ভ্যঃ পৃথিবী চোৎপদ্যতে। "তস্মাদ্বাএতস্মাদাত্মনআকাশঃ সম্ভূতইত্যাদিশ্রুতেঃ"।

তেষু জাড্যাধিক্যদর্শনাত্তমঃপ্রাধান্যং তৎকারণস্য।

তমঃপ্রধান বিক্ষেপ শক্তি বিশিষ্ট অজ্ঞান দ্বারা আবৃত চৈতন্য হইতে আকাশ, আকাশ হইতে বায়ু, বায়ু হইতে অগ্নি, অগ্নি হইতে জল, জল হইতে পৃথিবী, ক্রমে উৎপন্ন হইয়াছে। এতদ্বিষয়ে শ্রুতি প্রমাণ যথা "সেই নিত্য চৈতন্য স্বরূপ আত্মা হইতে আকাশ জন্মে, আকাশ হইতে বায়ু, বায়ু হইতে অগ্নি, অগ্নি হইতে জল, জল হইতে পৃথিবী উৎপন্ন হইয়াছে।

সেই আকাশাদিতে জড়তার আধিক্য হেতু তাহারদিগের কারণের তমঃ প্রাধান্য অনুমান হয়।

তদানীং সত্ত্বরজস্তমাংসি কারণগুণপ্রক্রমেণ তেষ্বাকাশাদিষূৎপদ্যন্তে।

ইমান্যেব সূক্ষ্মভূতানি তন্মাত্রাণ্যপঞ্চীকৃতানি চোচ্যন্তে। এতেভ্যঃ সূক্ষ্মশরীরাণি স্থূলভূতানি চোৎপদ্যন্তে।

সূক্ষ্মশরীরাণি? সপ্তদশাবয়বানি লিঙ্গশরীরাণি।

অবয়বাস্তু? জ্ঞানেন্দ্রিয়পঞ্চকং বুদ্ধিমনসী কর্ম্মেন্দ্রিয়পঞ্চকং বায়ুপঞ্চকঞ্চেতি।

উৎপত্তির পরে সেই আকাশাদিতে কারণ গুণ ক্রমে তারতম্য বিশেষে সত্ত্ব রজ তমঃ গুণ উৎপন্ন হয়।

সেই অবস্থাপন্ন আকাশাদিকে সূক্ষ্ম ভূত, মহাভূত, পঞ্চতন্মাত্র এবং অপঞ্চীকৃত, কহা যায়। এই সকল সূক্ষ্মভূত হইতে সূক্ষ্মশরীর এবং স্থূলভূত সকল উৎপন্ন হয়।

সূক্ষ্ম শরীর? সপ্তদশ অবয়ব বিশিষ্ট লিঙ্গশরীর।

সপ্তদশ অবয়ব? জ্ঞানেন্দ্রিয় পঞ্চ, বুদ্ধি, মন, কর্ম্মেন্দ্রিয় পঞ্চ, বায়ু পঞ্চ।

জ্ঞানেন্দ্রিয়াণি ? শ্রোত্রত্বক্‌চক্ষুর্জ্জিহ্বা-ঘ্রাণাখ্যানি ।

এতান্যাকাশাদীনাং সাত্ত্বিকাংশেভ্যো-ব্যস্তেভ্যঃ পৃথক্ ক্রমেণোৎপদ্যন্তে ।

বুদ্ধির্নাম ? নিশ্চয়াত্মিকান্তঃকরণবৃত্তিঃ ।

মনোনাম ? সঙ্কল্পবিকল্পাত্মিকান্তঃকরণ-বৃত্তিঃ ।

জ্ঞানেন্দ্রিয় পঞ্চ ? শ্রোত্র, ত্বক্, চক্ষু, জিহ্বা এবং ঘ্রাণ ।

এই সকল জ্ঞানেন্দ্রিয় পৃথক্ পৃথক্ আ-কাশাদির সাত্ত্বিক অংশ হইতে উৎপন্ন হয়, যথা আকাশের সত্ত্বাংশ হইতে শ্রোত্র, বায়ুর সত্ত্বাংশ হইতে ত্বক্, তেজের সত্ত্বাংশ হইতে চক্ষু, জলের সত্ত্বাংশ হইতে জিহ্বা এবং পৃথি-বীর সত্ত্বাংশ হইতে ঘ্রাণ ইতি ।

বুদ্ধি? নিশ্চয়াত্মক অন্তঃকরণ বৃত্তি ।

মন ? সংকল্প বিকল্পাত্মক অন্তঃকরণ বৃত্তি ।

অনযোরেব চিত্তাহঙ্কারযোরন্তর্ভাবঃ ৷ অনুসন্ধানাত্মিকান্তঃকরণবৃত্তিঃ,চিত্তং?৷ অভিমানাত্মিকান্তঃকরণবৃত্তিঃ, অহঙ্কারঃ ? ৷

এতে পুনরাকাশাদিগতসাত্ত্বিকাংশেভ্যোমিলিতেভ্যউৎপদ্যেতে ৷ এতেষাং প্রকাশাত্মকত্বাৎ সাত্ত্বিকাংশকার্য্যত্বং ৷

ইযং বুদ্ধির্জ্ঞানেন্দ্রিয়ৈঃ সহিতা সতী বিজ্ঞানময়কোশোভবতি ৷

চিত্ত ও অহঙ্কার এউভয়ই বুদ্ধি ও মনের অন্তর্গত দুই বৃত্তি মাত্র ৷ চিত্ত ? অনুসন্ধানাত্মক অন্তঃকরণ বৃত্তি এবং অহঙ্কার ? অভিমানাত্মিক অন্তঃকরণ বৃত্তি ৷

বুদ্ধি ও মন, এই উভয় মিলিত আকাশাদি পঞ্চ ভূতের সাত্ত্বিক অংশ হইতে উৎপন্ন হয় ৷ এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয় এবং বুদ্ধি ও মন ইহারা প্রকাশ স্বভাব প্রযুক্ত সাত্ত্বিক অংশের কার্য্য ৷

জ্ঞানেন্দ্রিয় গণের সহিত মিলিত এই উক্ত বুদ্ধিকে বিজ্ঞান ময় কোশ বলা যায় ৷

অয়ংকর্ত্তৃত্বভোক্তৃত্বাভিমানিত্বেন ইহলোক-পরলোকগামী ব্যবহারিকোজীবইত্যুচ্যতে।

মনস্তু কর্ম্মেন্দ্রিয়ৈঃ সহিতং সন্মনোময়-কোশোভবতি।

কর্ম্মেন্দ্রিয়াণি? বাক্পাণিপাদপায়ূপ-স্থানি। এতানি পুনরাকাশাদীনাং রজোহংশেভ্যোব্যস্তেভ্যঃ পৃথক্ ক্রমেণোৎপদ্যন্তে।

সেই বিজ্ঞানময় কোশ কর্ত্তৃত্ব, ভোক্তৃত্ব, সুখিত্ব, দুঃখিত্ব ইত্যাদি অভিমানী, ইহ লোক পর-লোকগামী, ব্যবহারিক জীব শব্দে উক্ত হয়।

পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ের সহিত মিলিত মনকে মনোময় কোশ কহা যায়।

কর্ম্মেন্দ্রিয় পঞ্চ? বাক্, পাণি, পাদ, পায়ু এবং উপস্থ। এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয় পৃথক্ পৃথক্ আকাশাদির রজঃ অংশ হইতে উৎপন্ন হয়, যথা আকাশের রজঃ অংশ হই-তে বাক্য, বায়ুর রজঃ অংশ হইতে পাণি, তেজের রজঃ অংশ হইতে পাদ, জলের রজঃ অংশ হইতে পায়ু এবং পৃথিবীর রজঃ অংশ হইতে উপস্থ ইতি।

বাযবঃ ? প্রাণাপানব্যানোদানসমানাঃ ।

প্রাণোনাম ? প্রাগ্গমনবান্ নাসাগ্রস্থানবর্ত্তী ।

অপানোনাম ? অবাগ্গমনবান্ পায্বাদিস্থানবর্ত্তী ।

ব্যানোনাম ? বিশ্বগ্গমনবানখিলশরীরবর্ত্তী ।

উদানঃ ? কণ্ঠস্থানীযঃ ঊর্দ্ধ্বগমনবানুৎক্রমণবাযুঃ ।

বাযু পঞ্চ ? প্রাণ, অপান, ব্যান, উদান, সমান ।

প্রাণ ? ঊর্দ্ধ্বে গমনশীল নাশাগ্রস্থায়ী বাযু ।

অপান ? অধোগমনশীল পাযু আদি স্থানে স্থায়ী বাযু ।

ব্যান ? সর্ব্ব নাড়ীতে গমনশীল সমস্ত শরীরস্থায়ী বাযু ।

উদান ? ঊর্দ্ধ্বগমনশীল কণ্ঠস্থায়ী উৎক্রমণ বাযু ।

সমানঃ ? শরীরমধ্যগতাশিতপীতান্নাদি-সমীকরণকরঃ।

সমীকরণন্তু ? পরিপাককরণং—রসরুধিরশুক্রপুরীষাদিকরণং।

কেচিত্তু নাগকূর্ম্মকৃকরদেবদত্তধনঞ্জযাখ্যাঃ পঞ্চান্যে বাযবঃ সন্তীত্যাহুঃ।

তত্র নাগঃ ? উদ্গিরণকরঃ।

কূর্ম্মঃ ? নিমীলনাদিকরঃ।

কৃকরঃ ? ক্ষুধাকরঃ।

সমান ? ভুক্ত পীত অন্ন জলাদির সমীকরণকারী বায়ু।

সমীকরণ ? পরিপাক করণ অর্থাৎ রস রুধির শুক্র পুরীষাদি করণ।

সাংখ্য মতাবলম্বী আচার্য্যেরা কহেন যে নাগ, কূর্ম্ম, কৃকর, দেবদত্ত, এবং ধনঞ্জয় নামক আরও পঞ্চ বায়ু আছে।

নাগ ? উদ্গিরণকারী বায়ু।

কূর্ম্ম ? চক্ষু উন্মীলনকারী বায়ু।

কৃকর ? ক্ষুধা জনক বায়ু।

দেবদত্তঃ? জৃম্ভণকরঃ।

ধনঞ্জয়ঃ? পোষণকরঃ।

এতেষাং প্রাণাদিষ্বন্তর্ভাবাৎ প্রাণাদয়ঃ পঞ্চৈবেতি কেচিৎ।

ইদং প্রাণাদিপঞ্চকং আকাশাদিগতরজোহংশেভ্যোমিলিতেভ্যউৎপদ্যতে।

ইদং প্রাণাদিপঞ্চকং কর্ম্মেন্দ্রিয়সহিতং সৎ প্রাণময়কোশোভবতি।

দেবদত্ত? হাপিকা জনক বায়ু।

ধনঞ্জয়? পুষ্টিকারক বায়ু।

কিন্তু বৈদান্তিক আচার্য্যেরা প্রাণাদি পঞ্চ বায়ুতে এই নাগাদি পঞ্চ বায়ুর অন্তর্ভাব করিয়া প্রাণাদি পঞ্চ বায়ুই কহেন।

এই প্রাণাদি পঞ্চবায়ু মিলিত আকাশাদি পঞ্চভূতের রজঃঅংশ হইতে উৎপন্ন হয়।

পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ের সহিত মিলিত এই প্রাণাদি পঞ্চ বায়ুকে প্রাণময় কোশ কহা যায়।

অস্য ক্রিয়াত্মকত্বেন রজোহংশকার্য্যত্বং ।

এতেষু কোশেষু মধ্যে বিজ্ঞানময়োজ্ঞানশক্তিমান্ কর্ত্তৃরূপঃ ।

মনোময়ইচ্ছাশক্তিমান্ করণরূপঃ ।

প্রাণময়ঃ ক্রিয়াশক্তিমান্ কার্য্যরূপঃ ।

যোগ্যত্বাদেবমেতেষাং বিভাগইতি বর্ণয়ন্তি ।

গমনাগমনাদি ক্রিয়া স্বভাব প্রযুক্ত এই প্রাণাদি পঞ্চ বায়ুকে রজঃঅংশের কার্য্য বলা যায় ।

এই পঞ্চ কোশের মধ্যে জ্ঞান শক্তি বিশিষ্ট বিজ্ঞানময় কোশ কর্ত্তা রূপ ।

ইচ্ছাশক্তি বিশিষ্ট মনোময় কোশ করণ রূপ ।

ক্রিয়াশক্তি বিশিষ্ট প্রাণময় কোশ কার্য্য রূপ ।

যথাযোগ্য এই কোশত্রয়ের এই রূপ বিভাগ বর্ণনা করিয়াছেন ।

এতৎ কোশত্রয়ং মিলিতং সৎ সূক্ষ্মশরীরমিত্যুচ্যতে।

অত্রাপ্যখিলসূক্ষ্মশরীরং একবুদ্ধিবিষয়তয়া বনবজ্জলাশয়বদ্বা সমষ্টিঃ, অনেক বুদ্ধিবিষয়তয়া বৃক্ষবজ্জলবদ্বা ব্যষ্টিশ্চ ভবতি।

এতৎসমষ্ট্যুপহিতং চৈতন্যং সূত্রাত্মা, হিরণ্যগর্ভঃ, প্রাণইতিচোচ্যতে, সর্ব্বানুস্যূতত্বাৎ জ্ঞানেচ্ছাক্রিয়াশক্তিমদপঞ্চীকৃতপঞ্চমহাভূতাভিমানিত্বাচ্চ।

একত্রিত এই কোশত্রয়কে সূক্ষ্মশরীর শব্দে কহা যায়।

এস্থলেও সমস্ত সূক্ষ্মশরীর এক রূপে বন বা জলাশয়ের ন্যায় সমষ্টি, অনেক রূপে বৃক্ষ বা জলের ন্যায় ব্যষ্টি হয়।

এই সূক্ষ্মশরীর সমষ্টিরূপ উপাধি দ্বারা উপহিত চৈতন্যকে সূত্রাত্মা, হিরণ্যগর্ভ, বা প্রাণ বলা যায়, যেহেতু তিনি সূত্রের ন্যায় সর্ব্ব বস্তুতে অনুস্যূত এবং জ্ঞান ইচ্ছা ক্রিয়া শক্তি বিশিষ্ট অপঞ্চীকৃত পঞ্চ মহা ভূতাভিমানী।

অস্যৈষা সমষ্টিঃ স্থূলপ্রপঞ্চাপেক্ষয়া সূক্ষ্মত্বাৎ সূক্ষ্মশরীরং, বিজ্ঞানময়াদিকোশত্রয়ং, জাগ্রদ্বাসনাময়ত্বাৎ স্বপ্নঃ, অতএব স্থূলপ্রপঞ্চলয়স্থানমিতি চোচ্যতে।

এতদ্ব্যষ্ট্যুপহিতং চৈতন্যং তৈজসোভবতি, তেজোময়ান্তঃকরণোপহিতত্বাৎ।

হিরণ্যগর্ভের উপাধিরূপ এই সূক্ষ্মশরীর সমষ্টিকে স্থূল প্রপঞ্চ অপেক্ষা সূক্ষ্ম হেতু সূক্ষ্মশরীর ও কোশত্রয় বলা যায়, এবং জাগ্রৎ বাসনাত্মক হেতু স্বপ্ন ও স্থূল প্রপঞ্চের লয় স্থানও কহা যায়।

এই সূক্ষ্মশরীর ব্যষ্টিরূপ উপাধি দ্বারা উপহিত চৈতন্য তৈজস শব্দে উক্ত হয়েন, যেহেতু তেজোময় অন্তঃকরণ তাহার উপাধি।

অস্যাপীয়ং ব্যষ্টিঃ স্থূলশরীরাপেক্ষয় সূক্ষ্মত্বাং সূক্ষ্মশরীরং, বিজ্ঞানময়াদিকোশত্রয়ং, জাগ্রদ্বাসনাময়ত্বাৎ স্বপ্নঃ, অতএব স্থূলশরীরলয়স্থানমিতি চোচ্যতে।

এতৌ সূত্রাত্মতৈজসৌ তদানীং সূক্ষ্মাভির্মনোবৃত্তিভিঃ সূক্ষ্মবিষয়াননুভবতঃ।

"প্রবিবিক্তভুক্ তৈজসইত্যাদিশ্রুতেঃ"।

তৈজসের উপাধিরূপ এই ব্যষ্টি সূক্ষ্মশরীরকে স্থূলশরীর অপেক্ষা অতি সূক্ষ্ম হেতু সূক্ষ্মশরীর ও কোশত্রয় বলা যায়,এবং জাগ্রৎ বাসনাত্মক হেতু স্বপ্ন ও স্থূল শরীরের লয়স্থল কহা যায়।

এই হিরণ্যগর্ভ ও তৈজস উভয়ে স্বযুপ্তি কালে সূক্ষ্ম মনোবৃত্তি দ্বারা সূক্ষ্মবিষয় অনুভব করেন।

এতদ্বিষয়ে শ্রুতি প্রমাণ যথা "সূক্ষ্ম বস্তুর ভোগী তৈজস ইতি"।

অত্রাপি সমষ্টিব্যষ্ট্যোস্তদুপহিতসূত্রাত্ম-তৈজসয়োশ্চ বনবৃক্ষবত্তদবচ্ছিন্নাকাশবচ্চ জলাশয়জলবত্তদ্গতপ্রতিবিম্বাকাশবচ্চাভেদঃ।

এবং সূক্ষ্মশরীরোৎপত্তিঃ।

স্থূলভূতানিতু? পঞ্চীকৃতানি।

এস্থলেতেও সূক্ষ্মশরীর সমষ্টি ও তদ্ব্যষ্টি পরস্পর অভিন্ন, এবং তদুপহিত হিরণ্যগর্ভ ও তৈজসেরও পরস্পর অভেদ, যেমন বনেতে বৃক্ষের অভেদ ও বনাবচ্ছিন্ন আকাশে বৃক্ষাবচ্ছিন্ন আকাশের ভেদ নাই এবং জলাশয়েতে জলের ভেদ নাই ও জলগত প্রতিবিম্বিত আকাশের সহিত জলাশয় গত প্রতিবিম্বিত আকাশ অভিন্ন হয়।

এই প্রকারে সূক্ষ্ম শরীর উৎপন্ন হয়।

স্থূল ভূত? পঞ্চীকৃত।

পঞ্চীকরণন্তু? আকাশাদিপঞ্চস্বেকৈকং দ্বিধা সমং বিভজ্য, তেষু দশসু ভাগেষু মধ্যে প্রাথমিকান্ পঞ্চভাগান্ প্রত্যেকং চতুর্দ্ধা সমং বিভজ্য, তেষাং চতুর্ণাং ভাগানাং স্বস্বদ্বিতীয়ার্দ্ধভাগং পরিত্যজ্য, ভাগান্তরেষু সংয়োজনং।

পঞ্চীকরণ? যথা আকাশাদি পঞ্চভূতের মধ্যে প্রত্যেক ভূতকে সমান দুই ভাগে বিভক্ত করিয়া, সেই দশ ভাগের মধ্যে প্রত্যেক পঞ্চভূতের প্রত্যেক প্রাথমিক পঞ্চ ভাগকে সমান চারি অংশে বিভাগ করিয়া,সেই প্রত্যেক চারি অংশ স্বকীয় দ্বিতীয়ার্দ্ধভাগ পরিত্যাগ করিয়া ইতর চারি ভূতের দ্বিতীয়ার্দ্ধ ভাগের সহিত মিশ্রিত করণ।

তদুক্তং, দ্বিধা বিধায় চৈকৈকং চতুর্দ্ধা প্রথমং পুনঃ। স্বস্বেতরদ্বিতীয়াংশৈর্যোজনাৎ পঞ্চ পঞ্চতে ইতি।

অস্যাপ্রামাণ্যং নাশঙ্কনীয়ং, ত্রিবৃৎকরণশ্রুতেঃ পঞ্চীকরণস্যাপ্যুপলক্ষণার্থত্বাৎ।

এতদ্বিষয়ে প্রমাণ যথা "প্রত্যেক পঞ্চভূতকে সমান দুই ভাগ করিবেক, পরে প্রত্যেক পঞ্চভূতের প্রথম ভাগকে চারি অংশ করিয়া স্বকীয়ের ইতর পঞ্চ ভূতের প্রত্যেক প্রথমাংশে ঐ চারি অংশের একাংশ করিয়া যোগ করিলে পঞ্চীকৃত হইবেক"।

এই প্রকার পঞ্চীকরণের অপ্রামাণ্য শঙ্কা নাই, যেহেতু ত্রিবৃৎকরণ শ্রুতিতে পঞ্চীকরণের উপলক্ষণ হইয়াছে।

পঞ্চানাং পঞ্চাত্মকত্বে সমানেপি তেষু চ "বৈশিষ্ট্যাত্তু তদ্বাদস্তদ্বাদইতি ন্যায়েন" আকাশাদিব্যপদেশঃ সম্ভবতি।

তদানীমাকাশে শব্দোঽভিব্যজ্যতে, বায়ৌ শব্দস্পর্শৌ, অগ্নৌ শব্দস্পর্শরূপাণি, অপ্সু শব্দস্পর্শরূপরসাঃ, পৃথিব্যাং শব্দস্পর্শরূপরসগন্ধাশ্চ।

পঞ্চভূত পঞ্চাত্মক রূপে সমান হইলেও প্রত্যেকেতে পৃথক্ পৃথক্ আকাশাদি ব্যবহার হয়। এতদ্বিষয়ে ন্যায় প্রমাণ যথা "বিশেষ হেতু অর্থাৎ স্বীয় স্বীয় অংশের আধিক্য হেতু তত্তন্নামে খ্যাত হয় ইতি"।

সেই পঞ্চীকরণকালে আকাশে শব্দ গুণ অভিব্যক্ত হয়, বায়ুতে শব্দ ও স্পর্শ, অগ্নিতে শব্দ, স্পর্শ, রূপ, জলেতে শব্দ, স্পর্শ, রূপ, রস, পৃথিবীতে শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ ব্যক্ত হয়।

এতেভ্যঃ পঞ্চীকৃতেভ্যোভূতেভ্যঃ ভূর্ভুবঃ স্বর্ম্মহর্জ্জনস্তপঃ সত্যমিত্যেতন্নামকানামুপর্য্যুপরি বিদ্যমানানাং, অতলবিতলসুতলরসাতলতলাতলমহাতলপাতালনামকানামধোঽধোবিদ্যমানানাং লোকানাং, ব্রহ্মাণ্ডস্য, তদন্তর্গতচতুর্ব্বিধস্থূলশরীরাণামন্নপানাদীনাঞ্চোৎপত্তির্ভবতি।

চতুর্ব্বিধস্থূলশরীরাণি? জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জাখ্যানি।

এই সকল পঞ্চীকৃত পঞ্চভূত হইতে পরস্পর উপরি উপরি বিদ্যমান যে ভূ লোক ভুব লোক, স্বর্গ লোক, মহ লোক, জন লোক তপ লোক, সত্য লোক, এবং পরস্পর অধো অধো বিদ্যমান যে অতল, বিতল, সুতল, রসাতল তলাতল, মহাতল, পাতাল লোক ও ব্রহ্মাণ্ড এবং চতুর্ব্বিধ স্থূলশরীর সকল, আর তাহারদিগের ভোগোপযুক্ত অন্নপানাদি সকল উৎপন্ন হইয়াছে।

চতুর্ব্বিধ স্থূলশরীর? জরায়ুজ, অণ্ডজ স্বেদজ এবং উদ্ভিজ্জ।

জরায়ুজানি ? জরায়ুভ্যোজাতানি মনুষ্যপশ্বাদীনি।

অণ্ডজানি ? অণ্ডেভ্যোজাতানি পক্ষিপন্নগাদীনি।

স্বেদজানি? স্বেদেভ্যোজাতানি যূকমশকাদীনি।

উদ্ভিজ্জানি? ভূমিমুদ্ভিদ্য জাতানি লতাবৃক্ষাদীনি।

অত্রাপি চতুর্ব্বিধস্থূলশরীরং একানেকবুদ্ধিবিষয়তয়া বনবজ্জলাশয়বদ্বা সমষ্টিঃ, বৃক্ষবজ্জলবদ্বা ব্যষ্টিরপি ভবতি।

জরায়ুজ ? জরায়ু হইতে জাত মনুষ্য পশু প্রভৃতি।

অণ্ডজ ? অণ্ড হইতে উৎপন্ন পক্ষি সর্পাদি।

স্বেদজ! ক্লেদাদি হইতে জনিত যূকমশকাদি।

উদ্ভিজ্জ ? ভূমি হইতে উদ্ভূত তৃণ বৃক্ষাদি।

এস্থলেও চতুর্ব্বিধ স্থূলশরীর সকল একত্রিত রূপে বনের ন্যায় বা জলাশয়ের ন্যায় সমষ্টি, এবং ভিন্ন ভিন্ন রূপে বৃক্ষের ন্যায় বা জলের ন্যায় ব্যষ্টি হয়।

এতৎ সমষ্ট্যুপহিতং চৈতন্যং বৈশ্বানরো বিরাড়িতি চোচ্যতে, সর্ব্বনরাভিমানিত্বাৎ, বিবিধং রাজমানত্বাচ্চ।

অস্যৈষা সমষ্টিঃ স্থূলশরীরং, অন্নবিকারত্বাদন্নময়কোশঃ, স্থূলভোগায়তনত্বাৎ জাগ্রদিতি চোচ্যতে।

এতদ্ব্যষ্ট্যুপহিতং চৈতন্যং বিশ্বইত্যুচ্যতে, সূক্ষ্মশরীরাভিমানমপরিত্যজ্য স্থূলশরীরাদিপ্রবেষ্টৃত্বাৎ।

এই স্থূলশরীর সমষ্টিতে উপহিত চৈতন্য বৈশ্বানর ও বিরাট্ শব্দে উক্ত হয়েন, যেহেতু সর্ব্ব দেহাভিমানী ও বিবিধ প্রকারে বিরাজমান।

এই সমষ্টি, স্থূলশরীর ও অন্নের বিকার হেতু অন্নময় কোশ এবং স্থূল ভোগের আয়তন হেতু জাগ্রৎ শব্দের বাচ্য হয়।

এই স্থূলশরীর ব্যষ্টিতে উপহিত চৈতন্যকে বিশ্ব বলা যায়, যেহেতু সূক্ষ্মশরীরে অভিমান ত্যাগ না করিয়া স্থূলশরীরে প্রবিষ্ট।

অস্যাপ্যেষা ব্যষ্টিঃ স্থূলশরীরং, অন্নবিকারত্বাৎ অন্নময়কোশঃ, স্থূলভোগায়তনত্বাৎ জাগ্রদিতি চোচ্যতে।

তদানীমেতৌ বিশ্ববৈশ্বানরৌ, দিগ্বাতার্কপ্রচেতোঽশ্বিভিঃ ক্রমান্নিয়ন্ত্রিতেন শ্রোত্রাদীন্দ্রিয়পঞ্চকেন ক্রমাচ্ছব্দস্পর্শরূপরসগন্ধান্।

এই ব্যষ্টিকে, স্থূলশরীর ও অন্নের বিকার হেতু অন্নময় কোশ, এবং স্থূল ভোগের আয়তন হেতু জাগ্রৎ শব্দে কহা যায়।

জাগ্রৎকালে এই বিশ্ব বৈশ্বানর উভয়ে দিক্, বায়ু, অর্ক, বরুণ, অশ্বিনীকুমার কর্ত্তৃক নিয়োজিত হইয়া শ্রোত্র, ত্বক্, চক্ষু, জিহ্বা, ঘ্রাণ এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয় দ্বারা ক্রমেতে শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ এই পঞ্চ বাহ্য বিষয় সকল অনুভব করেন।

অগ্নীন্দ্রোপেন্দ্রযমপ্রজাপতিভিঃ ক্রমান্নিয়ন্ত্রিতেন বাগাদীন্দ্রিয়পঞ্চকেন ক্রমাদ্বচনাদানগমনবিসর্গানন্দান্।

চন্দ্রচতুর্ম্মুখশঙ্করাচ্যুতৈঃ ক্রমান্নিয়ন্ত্রিতেন মনোবুদ্ধ্যহঙ্কারচিত্তাখ্যেনান্তরিন্দ্রিয়চতুষ্কেণ ক্রমাৎ সংশয়নিশ্চয়াহঙ্কার্য্যচৈত্তাংশ্চ সর্ব্বানেতান্ স্থূলবিষয়াননুভবতঃ।

অগ্নি, ইন্দ্র, উপেন্দ্র, যম, প্রজাপতি কর্ত্তৃক নিযুক্ত হইয়া বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয় দ্বারা ক্রমেতে বচন, গ্রহণ, গমন, ত্যাগ, আনন্দ এই পঞ্চবাহ্য বিষয় অনুভব করেন।

চন্দ্র, ব্রহ্মা, শঙ্কর, বিষ্ণু কর্ত্তৃক নিয়ন্ত্রিত হইয়া মন, বুদ্ধি, অহঙ্কার, চিত্ত, এই চারি অন্তরিন্দ্রিয় দ্বারা ক্রমেতে সঙ্কল্প বিকল্প, নিশ্চয়, অহঙ্কার্য্য, চৈত্ত্য এই সকল স্থূল বিষয় অনুভব করেন।

" জাগরিতস্থানোবহিঃপ্রজ্ঞইত্যাদিশ্রুতেঃ "।

অত্রাপ্যনয়োঃ স্থূলব্যষ্টিসমষ্ট্যোস্তদুপহিতয়োর্ব্বিশ্ববৈশ্বানরয়োশ্চ বনবৃক্ষবত্তদবচ্ছিন্নাকাশবচ্চ জলাশয়জলবত্তদ্গতপ্রতিবিম্বাকাশবচ্চ বা পূর্ব্ববদভেদঃ।

এতদ্বিষয়ে শ্রুতি প্রমাণ যথা " জাগরিতস্থ বিশ্ববৈশ্বানর বাহ্য স্থূল বিষয় অনুভব করেন ইত্যাদি "।

এস্থলেও এই স্থূল শরীর সমষ্টি ও তদ্ব্যষ্টির অভেদ, এবং স্থূল শরীর সমষ্টিতে উপহিত বৈশ্বানরের সহিত স্থূল শরীর ব্যষ্টিতে উপহিত বিশ্বের ভেদ নাই। যেমন বন হইতে বৃক্ষ ভিন্ন নহে, এবং বনাবচ্ছিন্ন আকাশে বৃক্ষাবচ্ছিন্ন আকাশের ভেদ নাই। আর জলাশয়েতে জল অভিন্ন, ও জলাশয় প্রতিবিম্বিত আকাশের সহিত জল প্রতিবিম্বিত আকাশের ভেদ নাই।

এবং পঞ্চীকৃতপঞ্চভূতেভ্যঃ স্থূলপ্রপঞ্চো-ৎপত্তিঃ।

এষাং স্থূলসূক্ষ্মকারণশরীরপ্রপঞ্চানাং সমষ্টিরেকোমহান্ প্রপঞ্চোভবতি, যথা অবান্তরবনানাং সমষ্টিরেকং মহদ্বনং, যথা বা অবান্তর জলাশয়ানাং সমষ্টিরেকোমহান্ জলাশয়ঃ।

এই প্রকার পঞ্চীকৃত* পঞ্চভূত হইতে স্থূল প্রপঞ্চের উৎপত্তি হয়।

এই স্থূল সূক্ষ্ম কারণ সমুদয় প্রপঞ্চের সমষ্টি এক মহৎ প্রপঞ্চ হয়, যেমন সমুদায় বনের সমষ্টিকে এক মহৎবন এবং সমুদায় জলাশয়ের সমষ্টিকে এক মহৎ জলাশয় বলা যায়।

---

*পঞ্চীকরণ প্রকার ৩৭ পৃষ্ঠায় উক্ত হইয়াছে॥

তদুপহিতং বিশ্ববৈশ্বানরাদীশ্বরপর্য্যন্তং চৈতন্যমপি অবান্তরবনাবচ্ছিন্নাকাশবদবান্তরজলাশয়গতপ্রতিবিম্বাকাশবচ্চ একমেব।

আভ্যাং মহাপ্রপঞ্চতদুপহিতচৈতন্যাভ্যাং তপ্তায়ঃপিণ্ডবদবিবিক্তং সৎ অনুপহিতং চৈতন্যং "সর্ব্বং খল্বিদং ব্রহ্মেবেতি" মহাবাক্যস্য বাচ্যং ভবতি, বিবিক্তং সল্লক্ষ্যমপি ভবতি।

সেই মহৎপ্রপঞ্চ দ্বারা উপহিত বৈশ্বানর, বিশ্ব ; হিরণ্যগর্ভ, তৈজস ; ঈশ্বর, প্রাজ্ঞ ; এই সমুদায় একই চৈতন্য, যেমন সমুদায় বনাবচ্ছিন্ন আকাশ বা সমুদায় জলাশয় গত প্রতিবিম্বিত আকাশ একই হয়।

এই উক্ত মহৎ প্রপঞ্চের সহিত অবিবিক্ত রূপে সেই তদুপহিত চৈতন্য "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" এই মহাক্যের বাচ্য এবং বিবিক্তরূপে মহাবাক্যের লক্ষ্য হয়েন যেমন দগ্ধলৌহ পিণ্ডের সহিত অভিন্ন অগ্নি "অয়োদহতি" এই বাক্যের বাচ্য এবং লৌহ পিণ্ড হইতে ভিন্ন রূপে তাহার লক্ষ্য হয়।

এবং বস্তুন্যবস্তত্ত্বারোপোঽধ্যারোপঃ সামান্যেন প্রদর্শিতঃ।

ইদানীং প্রত্যগাত্মনি ইদমিদময়ময়মারোপয়তীতি বিশেষউচ্যতে। তথাচ।

এই প্রকার বস্তু রূপ ব্রহ্মচৈতন্যেতে অবস্তুর আরোপ রূপ অধ্যারোপন্যায় সামান্যত দর্শিত হইল।

এইক্ষণে জীব চৈতন্যেতে বিশেষ অধ্যারোপ অর্থাৎ কোন্ কোন্ মতাবলম্বী ব্যক্তিরা কোন্ কোন্ বস্তুকে জীবাত্মা কহেন * তাহার বিশেষ কহিতেছি। যথা।

---

* এই দেহাদিই আমি বা এই পুত্রাদিই আমি অথবা এই অন্তঃকরণ প্রভৃতিই আমি ইত্যাদি প্রকারে বিশেষ অধ্যারোপ করেন।

অতিপ্রাকৃতস্তু আত্মা বৈ জায়তে পুত্রইত্যা-
দিশ্রুতেঃ, স্বস্মিন্নিব স্বপুত্রেঽপি প্রেমদর্শনাৎ,
পুত্রে পুষ্টে নষ্টেঽহমেব পুষ্টোনষ্টশ্চেত্যা-
দ্যনুভাবাচ্চ, পুত্রআত্মেতি বদতি।

অতি মূঢ় ব্যক্তিরা পুত্রকে আত্মা * কহে,
এবং তাহাতে এই শ্রুতি প্রমাণ দেয় যে "আ-
ত্মাই পুত্র হইয়া জন্মায়" ও এই যুক্তি বলে
যে "আপনাতে যে প্রকার প্রীতি পুত্রেতে ও
সেই রূপ দৃষ্ট হয়" আর এই অনুভব করে
যে "পুত্রের পুষ্টি হইলে বা পুত্র নষ্ট হইলে
আমিই পুষ্ট আমিই নষ্ট ইত্যাদি" ইতি।

---

* আত্মা পরম প্রিয় এবং পুত্র হইতেও প্রিয়পাত্র
আর কেহ নাই এই ভ্রমবশতঃ পুত্রকেই আত্মা কহে॥

চার্ব্বাকস্তু সবাএষপুরুষোঽন্নরসময়ই-ত্যাদিশ্রুতেঃ, প্রদীপ্তগৃহাৎস্বপুত্রং * পরিত্য-জ্যাপি স্বস্য নির্গমদর্শনাৎ, স্থূলোঽহংকৃ-শোঽহং ইত্যাদ্যনুভবাচ্চ, স্থূলশরীরমাত্মেতি বদতি।

কোন চার্ব্বাক স্বীয় স্থূলশরীরকে আত্মা * কহে, এবং তাহাতে এই শ্রুতি প্রমাণ দেয় যে "এই অন্নরসের বিকার পুরুষই আত্মা" ও এই যুক্তিবলেযে "পুত্রকে পরিত্যাগ করিয়াও দহ্য-মান গৃহ হইতে আপনার নির্গমন দৃষ্ট হয়" আর এই অনুভব করে যে "আমি স্থূল আমি কৃষ ইত্যাদি" ইতি।

---

* পুত্র হইতেও স্বীয় শরীর অতি প্রীতির স্থান।

অপরশ্চার্ব্বাকঃ তে হ প্রাণাঃ প্রজাপতিং সমেত্য ব্রূয়ুরিত্যাদিশ্রুতেঃ, ইন্দ্রিয়াণামভাবে শরীরচলনাভাবাৎ, কাণোহহং বধিরোহহং ইত্যাদ্যনুভবাচ্চ, ইন্দ্রিয়াণ্যাত্মেতি বদতি।

অপর চার্ব্বাক ইন্দ্রিয়গণকে * আত্মা কহে, এবং তাহাতে এই শ্রুতি প্রমাণ দেয়যে "সেই সকল ইন্দ্রিয়গণ প্রজাপতির নিকটে গিয়া কহিয়াছিল" ও এই যুক্তি বলে যে "ইন্দ্রিয় গণের অভাবে শরীর অচল হয়" আর এই অনুভব করে যে "আমি অন্ধ, আমি বধির ইত্যাদি" ইতি।

---

* ইন্দ্রিয়গণের অনুবর্ত্তী শরীর, অতএব শরীর হই- তে ইন্দ্রিয় প্রধান।

অন্যস্তু চার্ব্বাকঃ অন্যোঽন্তরআত্মা প্রাণময়ইত্যাদিশ্রুতেঃ, প্রাণাভাবে ইন্দ্রিয়চলনাযোগাৎ, অহমশনায়াবানহং পিপাসাবান্ ইত্যাদ্যনুভবাচ্চ, প্রাণআত্মেতি বদতি।

অন্য চার্ব্বাক প্রাণকে* আত্মা কহে, এবং তাহাতে এই শ্রুতি প্রমাণ দেয় যে " শরীরাদি হইতে ভিন্ন প্রাণময় অন্তরাত্মা হয়েন " ও এই যুক্তি বলে যে " প্রাণের অভাবে ইন্দ্রিয়গণের ক্রিয়ার অভাব হয় " আর এই অনুভব করে যে " আমি ক্ষুধাযুক্ত আমি পিপাসাবিশিষ্ট ইত্যাদি " ইতি।

---

* ইন্দ্রিয় হইতেও প্রাণ অধিক প্রীতির স্থান।

ইতরস্তু চার্ব্বাকঃ অন্যোঽন্তরআত্মা ম-নোময়ইত্যাদিশ্রুতেঃ, মনসি সুপ্তে প্রাণাদে-রভাবাৎ, অহং, সঙ্কল্পবানহং বিকল্পবানি-ত্যাদ্যনুভবাচ্চ, মনআত্মেতি বদতি।

ইতর চার্ব্বাক মনকে আত্মা কহে, এবং তাহাতে এই শ্রুতি প্রমাণ দেয় যে " শরীর ই-ন্দ্রিয় প্রাণ হইতে ভিন্ন মনোময় অন্তরাত্মা " ও এই যুক্তি বলে যে "মন নিস্তব্ধ হইলে প্রাণাদির অভাব হয়" আর এই অনুভব করে যে "আমি সঙ্কল্প বিশিষ্ট, আমি বিকল্প বিশিষ্ট ইত্যা-দি " ইতি।

---

* মনের অনুগামী ও মনের অধিন প্রাণ

বৌদ্ধস্ত অন্যোঽন্তরআত্মা বিজ্ঞানময়-ইত্যাদিশ্রুতেঃ, কর্ত্তুরভাবে করণস্য শক্ত্যভা-বাৎ, অহং কর্ত্তা অহং ভোক্তা ইত্যাদ্যনুভ-বাচ্চ, বুদ্ধিরাত্মেতি বদতি।

বৌদ্ধ মতানুযায়ী বুদ্ধিকে * আত্মা কহে, এবং তাহাতে এই শ্রুতি প্রমাণ দেয় যে "শ-রীর ইন্দ্রিয় প্রাণ মন হইতে ভিন্ন বিজ্ঞানময় অন্তরাত্মা হয়েন" ও এই যুক্তি বলে যে "ক-র্ত্তার অভাবে করণের অভাব হয়" আর এই অনুভব করে যে "কর্ত্তার অভাবে করণের শক্তির অভাব হয় ইত্যাদি" ইতি।

---

* মন হইতে প্রধান ও মনের নিয়ামক বুদ্ধি।

প্রাভাকরতার্কিকৌ তু অন্যোহন্তরআত্মা আনন্দময়ইত্যাদিশ্রুতেঃ,সুষুপ্তৌ বুদ্ধ্যাদীনাম জ্ঞানে লয়দর্শনাৎ, অহমজ্ঞোহহং জ্ঞানীত্যাদ্যনুভবাচ্চ, অজ্ঞানমাত্মেতি বদতঃ।

প্রাভাকর ও তার্কিক উভয়ে অজ্ঞানকে আত্মা কহে, এবং তাহাতে এই শ্রুতি প্রমাণ দেয় যে "শরীরাদি হইতে ভিন্ন আনন্দময় অন্তরাত্মা" ও এই যুক্তি বলে যে "সুষুপ্তিকালে অজ্ঞানেতে বুদ্ধ্যাদির ও লয় দৃষ্ট হয়" আর এই অনুভব করে যে "আমি অজ্ঞ আমি জ্ঞানী ইত্যাদি" ইতি।

---

* অজ্ঞান অর্থাৎ প্রকৃতি, তাহা হইতে বুদ্ধি উৎপন্ন হয় অতএব বুদ্ধি হইতে অজ্ঞান প্রধান।